

💵 আত্ তারগীব ওয়াত্ তারহীব

হাদিস নাম্বারঃ ২০১

৪. পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৮) ওযুর প্রতি যত্নশীল হওয়া ও নতুনভাবে ওযু করার প্রতি উদ্বুদ্ধকরণ

الترغيب في المحافظة على الوضوء وتجديده

আরবী

(صحيح) و عَبْدِ اللهِ بْنِ بُرَيْدَةَ عَنْ أَبِيهِ رَضِيَ اللَّهُ عَنْهُمَا قَالَ: أَصْبَحَ رَسُولُ اللهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَوْمًا فَدَعَا بِلَالًا فَقَالَ: " يَا بِلَالُ بِمَ سَبَقْتَنِي إِلَى الْجَنَّةِ، إني دَخَلْتُ الْبَارِحَةَ الْجَنَّةِ فَسَمِعَتْ خَشْخَشَتَكَ أَمَامِي " فَقَالَ بِلَالٌ: يَا رَسُولَ اللهِ مَا أَذَّنْتُ قَطُّ إِلَّا وَصَلَّيْتُ رَكْعَتَيْنِ، وَلَا أَصَابَنِي حَدَّثُ قَطُّ إِلَّا تَوَضَّأْتُ عِنْدَهَ، فَقَالَ رَسُولُ اللهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: " بِهَذَا ". رواه ابن خزيمة

বাংলা

২০১. (সহীহ) আবদুল্লাহ্ বিন বুরায়দা তাঁর পিতা (বুরায়দা রাঃ) থেকে বর্ণনা করেন। তিনি বলেনঃ রাসূলুল্লাহ (সাল্লাল্লাহ্ আলাইহি ওয়া সাল্লাম) কোন এক সকালে বেলাল (রাঃ) কে ডাকলেন, অতঃপর বললেনঃ হে বেলাল! এমন কোন কাজের মাধ্যমে তুমি জান্নাতে আমার অগ্রণামী হলে? গত রাতে আমি জান্নাতে প্রবেশ করেছিলাম, তখন আমার আগে আগে তোমার চলার শব্দ শুনেছি?"

বেলাল বললেনঃ হে আল্লাহর রাসূল! আমি যখনই আযান দিয়েছি তখনই দু'রাকাত সালাত আদায় করেছি এবং যখনই কোন নাপাকির সম্মুখিন হয়েছি তখনই ওয়ু করে নিয়েছি। তখন রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বললেনঃ ''একারণেই।''

(হাদীছটি বর্ণনা করেছেন তিরমিযী, আহমাদ ও ইবনু খুযায়মা)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন বুরায়দা (রহঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন